

বিদ্যালয়ে যেতে না পেরে শিক্ষার্থীদের অবস্থান

জামালপুর প্রতিনিধি >

জামালপুরের বকশীগঞ্জ উপজেলার গোপালপুর কো-অপারেটিভ বালিকা উচ্চ বিদ্যালয়ে ঢুকতে না পেরে গতকাল রবিবার সকাল ১১টায় বিফুক শিক্ষার্থীরা উপজেলা নির্বাহী কর্মকর্তার (ইউএনও) কার্যালয়ের সামনে অবস্থান করেছে। এর আগে গত বৃহস্পতিবার গভীর রাতে বিদ্যালয়ে ভাঙচুর ও মাঠ দখল করে ঘর নির্মাণের অভিযোগে উঠেছে আমিনুল ইসলাম নামের এক ব্যক্তির বিরুদ্ধে। এ ঘটনায় গত শুক্রবার রাতে বকশীগঞ্জ থানায় বিদ্যালয়ের প্রধান শিক্ষক বাদী হয়ে একটি মামলা করেছেন।

অবস্থান-ধর্মঘটের পরিপ্রেক্ষিতে ইউএনও নার্গিস পারভীন ও বকশীগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোস্তাফিজুর রহমান দখল হওয়া বিদ্যালয়টি সরেজমিনে পরিদর্শনে যান। পরে সমস্যা সমাধানের আশ্বাস ও আগামীকাল থেকে ক্লাস করার নিশ্চয়তা দিলে শিক্ষার্থীরা তাদের অবস্থান কর্মসূচি

প্রত্যাহার করে নেয়।

বিদ্যালয় ও স্থানীয় সূত্রে জানা যায়, গোপালপুর কো-অপারেটিভ বালিকা উচ্চ বিদ্যালয়টি ১৯৯২ সালে প্রতিষ্ঠিত হয়। গোপালপুর গ্রামের আমিনুল ইসলাম ১৯৯৫ সালে রেজিস্ট্রার মাধ্যমে ৬২ শতাংশ জমি ওই বিদ্যালয়ের নামে দান করেন।

বকশীগঞ্জ

কিন্তু ১৯৯৮ সালে আমিনুল ইসলাম দান করা জমি ফেরত চেয়ে আদালতে একটি মামলা করেন। জমিটি নিয়ে বর্তমানে মামলা চলছে। এ ঘটনায় গত বৃহস্পতিবার রাত ১টার দিকে আমিনুল ইসলাম শতাধিক লোকজন নিয়ে ওই বিদ্যালয়ে দরজা-জানালা ভেঙে ভেতরে প্রবেশ করে কক্ষে থাকা বেঞ্চ, চেয়ার-টেবিল, আসবাবপত্র ভাঙচুর ও প্রয়োজনীয় কাগজপত্র তছনছ করেন। পরে রাতেই বিদ্যালয় মাঠ দখল করে টিন দিয়ে চারটি চালা

ঘর নির্মাণ করেন। এ ছাড়া বিদ্যালয়ের চারপাশে বাঁশের বেড়া দিয়ে ঘিরে রেখেছেন।

গোপালপুর কো-অপারেটিভ বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক গোলাম ফারুক বলেন, 'আমিনুল ইসলাম' নিজেই বিদ্যালয়ের নামে ৬২ শতাংশ জমি দান করেন। জমিটি ফেরত চেয়ে তিনি আবার আদালতে মামলাও করেন। মামলাটি এখনো চলমান অবস্থায় রয়েছে। কিন্তু হঠাৎ তাঁর (আমিনুল ইসলাম) নেতৃত্বে রাতের আধারে বিদ্যালয়ে প্রবেশ করে ভাঙচুর করেছে। জমি দখল করতে মাঠে চারটি চালা ঘরও নির্মাণ করেছেন তিনি। ইউএনও সরেজমিনে গিয়ে আগামীকাল থেকে শিক্ষার্থীদের ক্লাস নেওয়ার নির্দেশ দিয়েছেন। ইউএনও নার্গিস পারভীন বলেন, 'জমি নিয়ে যে সমস্যা সেটা আমরা বসে সমাধান করে দেব। আগামীকাল থেকে ক্লাস করার নির্দেশ দেওয়া হয়েছে। শিক্ষা কার্যক্রমে কেউ বাধা সৃষ্টি করলে তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।'